

কর্মচারী পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

তারিখ : ০৫ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
২০ আগষ্ট, ২০১৯ খ্রিঃ

স্মারক নং-১৮৯-পাউবো/(কপ)/বি-৩/শা-১/বেতন স্কেল-৩/২০১৯

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে কর্মরত কর্মচারীদের উচ্চতর গ্রেড প্রাপ্তির বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.১৫.২৪৩-১৮-৪৭৫ তারিখঃ ১৮/০৭/২০১৯ খ্রিঃ পত্রের নির্দেশনা অনুযায়ী অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ তারিখঃ ২১/০৯/২০১৬ খ্রিঃ (সংযুক্ত) অনুযায়ী বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো :

- ০১। প্রধান প্রকৌশলী/প্রধান -----, বাপাউবো-----।
- ০২। নিয়ন্ত্রক (অহিনি)-----, বাপাউবো, ঢাকা।
- ০৩। সচিব, বাপাউবো, ঢাকা।
- ০৪। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক-----, বাপাউবো-----।
- ০৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ০৬। উপ-সচিব (প্রশাসন), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা।
- ০৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁকে সার্কুলারটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, ----- বাপাউবো, -----।
- ০৯। উপপরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, ----- আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, -----।
- ১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা বাপাউবো, ঢাকা।
- ১১। ব্যক্তিগত সহকারী, পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ১২। দপ্তর কপি/মাষ্টার কপি।

তারিখঃ ২০/৮/১৯
জায়গাঃ
কর্মচারী পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

(মোঃ আবদুর রব)
সহকারী পরিচালক
কর্মচারী পরিদপ্তর, বিভাগ-৩
বাপাউবো, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ শাখা।

নং-০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২

তারিখঃ ২১-০৯-২০১৬ খ্রি:

পরিপত্র

বিষয়ঃ জাতীয় বেতনস্কেল, ২০১৫ স্পষ্টিকরণ।

উপর্যুক্ত বিষয়ে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী অবসরোত্তর ছুটিভোগীদের বেতন নির্ধারণ, সন্তোষজনক চাকরি এবং স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্তির বিষয় নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হইলঃ

(ক) অবসরোত্তর ছুটিভোগীদের বেতন নির্ধারণ:

অবসরোত্তর ছুটি (PRL) ভোগরত কর্মচারী অবসরোত্তর ছুটিকালীন সময়ে শুধু একটি বর্ধিত বেতন (Increment) পাইবেন, যাহা কেবলমাত্র তাহার পেনশন নির্ধারণের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

(খ) সন্তোষজনক চাকরি এবং স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্তি:

সন্তোষজনক চাকরির ব্যাখ্যা: সন্তোষজনক চাকরি বুঝাইতে কর্মচারীদের পদোন্নতিসহ প্রযোজ্য ক্ষেত্রে যেইভাবে সন্তোষজনক চাকরি বিদ্যমান বিধিবিধান অনুসৃত হইয়া থাকে বিবেচ্য উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির ক্ষেত্রেও অনুরূপ বিধি-বিধানসহ প্রযোজ্য হইবে।

স্বয়ংক্রিয় এর ব্যাখ্যা: বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি) ব্যতিরেকে প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয়ের সচিব/নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এর অনুমোদন গ্রহণপূর্বক অফিস আদেশ জারির মাধ্যমে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়টি নিস্পত্তি করিতে হইবে।


(গ) উচ্চতর গ্রেডের প্রাপ্যতা:

(১) একই পদে কর্মরত কোন কর্মচারী দুই বা ততোধিক উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে তিনি এই অনুচ্ছেদের অধীন উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন না।

(২) একই পদে কর্মরত কোন কর্মচারী একটিমাত্র উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড পাইবার তারিখ হইতে পরবর্তী ৬(ছয়) বছর পূর্তির পর ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।

(৩) একই পদে কর্মরত কর্মচারী কোন প্রকার উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) না পাইয়া থাকিলে সন্তোষজনক চাকরির শর্তে তিনি ১০(দশ) বৎসর চাকরি পূর্তিতে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড এবং পরবর্তী ৬ বছরে পদোন্নতি না পাইলে ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।

(৪) জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৭(১) ও ৭(২) এ প্রদত্ত সুবিধা কোন ক্রমেই ১৫/১২/২০১৫ তারিখের পূর্বে প্রদান করা যাইবে না।


মোঃ সামীয়া আহসান
সহকারী সচিব
ফোনঃ ৯৫৫০৭৮১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

চলমান পাতা/০২

- ৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,-----মন্ত্রণালয়/বিভাগ (সকল)। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৪। হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, সেগুনবাগিচা, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ বিভাগ। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৭। জেলা প্রশাসক -----জেলা (সকল)।
- ৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ, (অর্থ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ১১। অফিস কপি।